গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-২৪ (মাদরাসা-২)
(www.moedu.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৮৫.৮৭.০০৮.১৫-৫১৩ তারিখ: ১০ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারি ও বেসরকারি মাদরাসা সমূহের ২০১৬ সালের বাৎসরিক ছুটির তালিকা।

সূত্র: মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.২৫.০০০০.০০১.২২.০০১.১৫-৩০৫, তারিখ: ১৭/১১/২০১৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি ও বেসরকারি মাদরাসা সমূহের ২০১৬ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে:

| ক্রমিক | পর্বের নাম | তারিখ ও দিন | তারিখ বঙ্গাব্দ | দিন সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১. | *ফাতেহা-ই-ইয়াজ দাহম | ২২ জানুয়ারি, শুক্রবার, ২০১৬ | ০৯ মাঘ, ১৪২২ | ০০ দিন |
| ০২. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, রবিবার, ২০১৬ | ০৯ ফাল্গুন, ১৪২২ | ০১ দিন |
| ০৩. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস | ১৭ মার্চ, বৃহস্পতিবার, ২০১৬ | ০৩ চৈত্র, ১৪২২ | ০১ দিন |
| ০৪. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ, শনিবার, ২০১৬ | ১২ চৈত্র, ১৪২২ | ০১ দিন |
| ০৫. | বাংলা নববর্ষ | ১৪ এপ্রিল, বৃহস্পতিবার ২০১৬ | ০১ বৈশাখ, ১৪২৩ | ০১ দিন |
| ০৬. | গ্রীষ্মকালীন অবকাশ, মে দিবস, * পবিত্র শব-ই-মিরাজ | ২৩ এপ্রিল শনিবার থেকে ০৫ মে বৃহস্পতিবার ২০১৬ | ১০ বৈশাখ থেকে ২২ বৈশাখ, ১৪২৩ | ১২ দিন |
| ০৭. | *বুদ্ধ পূর্ণিমা (বৈশাখি পূর্ণিমা) | ২১ মে, শনিবার , ২০১৬ | ০৭ জ্যৈষ্ঠ, ১৪২৩ | ০১ দিন |
| ০৮. | *পবিত্র শব-ই-বরাত | ২৩ মে, সোমবার , ২০১৬ | ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ | ০১ দিন |
| ০৯. | *পবিত্র রমজান, জুমাতুল-বিদা, পবিত্র শব-ই-ক্বদর, পবিত্র ঈদ-উল-ফিতর | ০৪ জুন, শনিবার থেকে ১১ জুলাই, সোমবার, ২০১৬ | ২১ জ্যৈষ্ঠ থেকে ২৭ আষাঢ়, ১৪২৩ | ৩৩ দিন |
| ১০. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, সোমবার ২০১৬ | ৩১ শ্রাবণ, ১৪২৩ | ০১ দিন |
| ১১. | *শুভ জন্মাষ্টমী | ২৫ আগস্ট, বৃহস্পতিবার, ২০১৬ | ১০ ভাদ্র, ১৪২৩ | ০১ দিন |
| ১২. | *পবিত্র ঈদ-উল-আযহা | ১০ সেপ্টেম্বর, শনিবার থেকে ১৮ সেপ্টেম্বর, রবিবার, ২০১৬ | ২৬ ভাদ্র থেকে ০৩ আশ্বিন, ১৪২৩ | ০৮ দিন |
| ১৩. | *হিজরী নববর্ষ | ০৪ অক্টোবর, মঙ্গলবার ২০১৬ | ১৯ আশ্বিন, ১৪২৩ | ০১ দিন |
| ১৪. | *দূর্গাপূজা (বিজয়া দশমী) | ১১ অক্টোবর, মঙ্গলবার ২০১৬ | ২৬ আশ্বিন, ১৪২৩ | ০১ দিন |
| ১৫. | * পবিত্র আশুরা | ১২ অক্টোবর, বুধবার ২০১৬ | ২৭ আশ্বিন, ১৪২৩ | ০১ দিন |
| ১৬. | * আখেরি চাহার সোম্বা | ৩০ নভেম্বর, বুধবার, ২০১৬ | ১৬ অগ্রহায়ণ, ১৪২৩ | ০১ দিন |
| ১৭. | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) | ১২ ডিসেম্বর, সোমবার, ২০১৬ | ২৮ অগ্রহায়ন, ১৪২৩ | ০১ দিন |
| ১৮. | মহান বিজয় দিবস | ১৬ ডিসেম্বর, শুক্রবার, ২০১৬ | ০২ পৌষ, ১৪২৩ | ০০ দিন |
| ১৯. | শীতকালীন অবকাশ, ঈসা (আ:) এর জন্মদিন | ২৪ ডিসেম্বর শনিবার থেকে ২৯ ডিসেম্বর, বৃহস্পতিবার, ২০১৬ | ১০ পৌষ থেকে ১৫ পৌষ , ১৪২৩ | ০৬ দিন |
| ২০. | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩ দিন |
| | | | মোট : | ৭৫ দিন |

## পরীক্ষার সময়সূচি-২০১৬

| পরীক্ষার নাম | তারিখ | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধবার্ষিক পরীক্ষা | ১৫ মে, সোমবার থেকে ০২ জুন, শনিবার পর্যন্ত ২০১৬ | ১৫ দিন | ২৪ জুলাই, সোমবার, ২০১৬ |
| দাখিল নির্বাচনী পরীক্ষা | ০১ অক্টোবর, শনিবার থেকে ২২ অক্টোবর শনিবার পর্যন্ত ২০১৬ | ১৫ দিন | ৩০ অক্টোবর, বরিবার, ২০১৬ |
| বার্ষিক পরীক্ষা | ০১ ডিসেম্বর, বৃহস্পতিবার থেকে ১৯ ডিসেম্বর, সোমবার পর্যন্ত ২০১৬ | ১৫ দিন | ৩১ ডিসেম্বর, শনিবার, ২০১৬ |

H:\MOE-2015\Forwarding.docx

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০১৬ খ্রি. পর্যন্ত। ০২ জানুয়ারি (সরকারি সিদ্ধান্ত মতে) পাঠ্যপুস্তক দিবস উদযাপন করা হবে।

২. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত পরীক্ষার সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনী পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অনন্ত ১ বছর (এক) সংরক্ষণ করবে। প্রতি পরীক্ষার সময়কাল ১৫ দিনের বেশি হবে না।

৩. মাদরাসা কর্তৃপক্ষ স্ব-স্ব মাদরাসার পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতীত বছরে মোট ছুটি ৭৫ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে, সে সকল দিন উক্ত ৭৫ দিনের অন্তর্ভুক্ত হবে।

৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে মাদরাসা ছুটি দেয়া যাবেনা, সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তার উপর দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদরাসা খোলা রাখতে হবে।

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, ইবতেদায়ী সমাপনী পরীক্ষা, জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার সময়ে প্রয়োজনে মাদরাসা খোলা রাখতে হবে।

৯. পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্যান্য মাদরাসায় যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

১০. প্রত্যেক মাদরাসায় দৈনিক পাঠের ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিতরণ করতে হবে। এ ডায়রীতে ছাত্র-ছাত্রী পরিচিতি, আচরণ বিধি, অভিভাবকদের প্রতি পরামর্শ, শিক্ষকগণের নাম, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরী নির্দেশাবলী, ছুটি তালিকা এবং ক্লাস রুটিন অন্তর্ভুক্ত থাকবে। ডায়েরীতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর দিতে হবে।

১১. পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (স.), শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শোক দিবস, বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে; তবে প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট দিবসের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

১২. প্রতিটি মাদরাসায় সরকার ঘোষিত সৃজনশীল মেধা অন্বেষণ কর্মসূচি পালন করতে হবে।

২৪/১২/২০১৫

(নাছিমা খানম)
সিনিয়র সহকারী সচিব (মাদরাসা-২)
ফোন: ৯৫৪৯৩৯৬

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
জাতীয় স্কাউট ভবন
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বোর্ড বাজার, গাজীপুর।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বখশি বাজার, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। অতিরিক্ত সচিব(মাদরাসা/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কারিগরি/)/যুগ্মসচিব(কলেজ/মাধ্যমিক-১/২) এর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

H:\MOE-2015\Forwarding.docx